# 176290 - আশুরার রোযার মাধ্যমে ছগিরা গুনাহ মাফ হবে; কবিরা গুনাহ তওবা ছাড়া নয়

প্রশ্ন

আমি যদি মদ্যপ হই এবং আগামীকাল ও এর পরের দিন (মুহররম এর ৯ তারিখ ও ১০ তারিখ) রোযা রাখার নিয়ত করি আমার রোযা কি ধর্তব্য হবে এবং এর মাধ্যমে আমার বিগত এক বছর ও আগত এক বছরের গুনাহ মাফ হবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

এক:

যে রোযার মাধ্যমে আল্লাহ্‌ দুই বছরের গুনাহ মাফ করেন সেটা আরাফার দিনের রোযা। আর আশুরার রোযার মাধ্যমে আল্লাহ্‌ এক বছরের গুনাহ ক্ষমা করেন। আরাফার দিনের রোযার ফযিলত সম্পর্কে জানতে 98334 নং প্রশ্নোত্তর দেখুন। আর আশুরার রোযার ফযিলত সম্পর্কে জানতে 21775 নং প্রশ্নোত্তর দেখুন।

দুই:

নিঃসন্দেহে মদ পান করা কবিরা গুনাহ। বিশেষতঃ পুনঃপুনঃ পান করতে থাকা। কারণ মদ হচ্ছে সকল অশ্লীলতার মূল। এটি সকল অনিষ্টের পথ। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মদের সাথে সম্পৃক্ত দশ ব্যক্তিকে লানত করেছেন। ইমাম তিরমিযি (১২৯৫) আনাস (রাঃ) থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন, “রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মদের সাথে সংশ্লিষ্ট দশ ব্যক্তির ওপর লা‘নত করেছেন: যে মদ তৈরি করে, যে মদ তৈরির নির্দেশ দেয়, যে মদ পান করে, যে মদ বহন করে, যার জন্য মদ বহন করে নিয়ে যাওয়া হয়, যে মদ পান করায়, যে মদ বিক্রি করে, যে মদের আয় ভোগ করে, যে মদ ক্রয় করে, যার জন্য মদ ক্রয় করা হয়।” ।[আলবানি ‘সহিহুত তিরমিযি’ গ্রন্থে হাদিসটিকে সহিহ বলেছেন]

আপনার আবশ্যকীয় কর্তব্য হচ্ছে- মদ পান বর্জন করা, মদের নেশা থেকে তওবা করে আল্লাহ্‌র দিকে ফিরে আসা।

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া (রহঃ) বলেন:

“নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে সহিহ হাদিসে এসেছে: আরাফার দিনের রোযা দুই বছরের পাপ মোচন করে। আশুরার দিনের রোযা এক বছরের পাপ মোচন করে। কিন্তু ‘পাপ মোচন’ করে এই শর্তবিযুক্ত কথার দ্বারা তওবা ছাড়া

কবরিা গুনাহ মাফ হওয়াটা আবশ্যক হয় না। কনেনা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ‘এক জুমা থকেে অপর জুমা এবং এক রমযান থকেে অপর রমযান’ এর ব্যাপারে বলছেনে: “মাঝরে সব গুনাহকে মোচন করে যদি কবরিা গুনাহ থকেে বরিত থাকা হয়।” সবার জানা আছে য,ে রোযার চয়েে নামায উত্তম এবং আরাফার রোযার চয়েে রমযানরে রোযা উত্তম; অথচ কবরিা গুনাহ থকেে বরিত না থাকলে এগুলোর মাধ্যমে পাপ মোচন হয় না; যমেনটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম (এই হাদসি)ে শর্ত করে দয়িছেনে। সুতরাং কভিাবে কল্পনা করা যায় য,ে এক, দুই দনিরে নফল রোযার মাধ্যমে ব্যভচিার, চুরি, মদ পান, জুয়া, যাদু ইত্যাদি গুনাহ মাফ হব?ে! অর্থাৎ এ ধরণরে গুনাহ মাফ হবে না।”[আল-ফাতাওয়া আল-মসিরয়িা (১/২৫৪) সংক্ষপেতি ও সমাপ্ত]

ইবনুল কাইয়্যমে (রহঃ) বলনে:

“কউে কউে বলে য,ে আশুরার রোযা গোটা বছররে পাপ মোচন কর।ে আর আরাফার রোযা সওয়াব বৃদ্ধরি জন্য অবশষ্টি থাকল। এই প্রবঞ্চতি লোকটি জানে না য,ে রমযানরে রোযা ও পাঁচ ওয়াক্ত নামায আরাফার রোযা ও আশুরার রোযার চয়েে উত্তম ও মহান। অথচ এগুলোর মাধ্যমে কবরিা গুনাহ থকেে বরিত থাকার শর্তে পাপ মোচন হয়। তাই এক রমযান থকেে অপর রমযান, এক জুমা থকেে অপর জুমা ‘সগরিা গুনাহ’ মোচন করানোর মত শক্তি পায় না; যদি না এর সাথে কবরিা থকেে বরিত থাকা হয়। বরঞ্চ দুইটি বষিয় একযোগে হওয়ার পর সগরিা গুনাহ মাফ হয়।

তাহলে কভিাবে একদনিরে নফল রোযা বান্দা কর্তৃক পুনঃপুনঃ সম্পাদতি সকল কবরিা গুনাহকে তওবা ছাড়া মাফ করাব?ে এটি অসম্ভব।

তবে ‘আরাফার রোযা ও আশুরার রোযা সারা বছররে পাপ মোচন কর’ে এই সাধারণ অর্থ ধরলে এটি আশ্বাসমূলক দললিগুলোর অন্তর্ভুক্ত হতে কোন বাধা নইে; যে দললিগুলোর ক্ষত্রেে শর্ত পাওয়া ও প্রতবিন্ধকতা মুক্ত হওয়া প্রযোজ্য। তখন পুনঃপুনঃ কবরিা গুনাহ-তে লপ্তি হওয়া গুনাহ মোচনরে ক্ষত্রেে প্রতবিন্ধক হব।ে আর কবরিা গুনাহ-তে পুনঃপুনঃ লপ্তি না হলে তখন রোযা ও কবরিা গুনাহ-তে পুনঃপুনঃ লপ্তি না-হওয়া এ দুটো যৌথ সহযোগতিার ভত্তিতিে সকল গুনাহ মোচন করব।ে যমেনভিাবে রমযানরে রোযা, পাঁচ ওয়াক্ত নামায এবং কবরিা গুনাহ হতে বরিত থাকা যৌথ সহযোগতিার ভত্তিতিে ছগরিা গুনাহগুলোকে মোচন কর।ে তবে আল্লাহ্ তাআলা যে বলছেনে, “তোমাদরেকে যা নষিধে করা হয়ছেে তার মধ্যে যা কবরিা গুনাহ তা থকেে বরিত থাকলে আমরা তোমাদরে ছোটে পাপগুলো মার্জনা করে দবি।”[সূরা নসিা, আয়াত: ৩১] এর থকেে জানা যায় য,ে কোন একটি বষিয়কে পাপ মোচনরে কারণ বানানো হলওে অন্য একটি কারণ এই কারণরে সাথে একত্রতি হয়ে পাপ মোচনে যৌথ সহযোগতিা করতে কোন বাধা নইে। আর দুইটি কারণ যৌথভাবে একটি কারণরে চয়েে পাপ মোচনরে শক্তি বশিে রাখ।ে ‘কারণ’ যত শক্তশিালী হবে পাপ মোচনরে ক্ষমতা তত অধকি হব।ে”[আল-জাওয়াব আল-কাফি, পৃষ্ঠা-১৩ থকেে সমাপ্ত]

আব্দুল্লাহ বিন উমর (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "যে ব্যক্তি মদ পান করে চল্লিশ দিন পর্যন্ত আল্লাহ্ তার নামায কবুল করেন না। সে তওবা করলে আল্লাহ তার তওবা কবুল করবেন। সে যদি পুনরায় তা পান করে তবে আল্লাহ চল্লিশ দিন পর্যন্ত তার নামায কবুল করবেন না। যদি তওবা করে আল্লাহ্ তার তওবা কবুল করবেন। আবার যদি সে তা পান করে তবে চল্লিশ দিন পর্যন্ত তার নামায কবুল করবেন না। কিন্তু সে যদি তওবা করে তবে আল্লাহ তার তওবা কবুল করবেন। চতুর্থবার পুনরায় সে যদি তা পান করে তবে চল্লিশ দিন পর্যন্ত তার নামায কবুল করবেন না এবং তওবা করলেও আল্লাহ তার তওবা কবুল করবেন না। পরন্তু তাকে 'নহরে-খাবাল' (জাহান্নামীদের পূজের নহর) থেকে পান করাবেন।"[সুনানে তিরমিযি (১৮৬২), আলবানি 'সহিহুত তিরমিযি' গ্রন্থে হাদিসটিকে সহিহ বলেছেন]

মুবারকপুরী 'তুহফাতুল আহওয়াযি' গ্রন্থে বলেন:

বিশেষভাবে নামাযকে উল্লেখ করা হয়েছে যেহেতু শারীরিক ইবাদতের মধ্যে নামায সর্বোত্তম ইবাদত। অতএব, নামায যদি কবুল না হয় অন্য ইবাদত কবুল না হওয়া আরও অধিক যুক্তিযুক্ত।[তুহফাতুল আহওয়াযি (৫/৪৮৮) থেকে পরিমার্জিত ও সমাপ্ত]

একই ধরণের কথা ইরাকি ও মুনাওয়ি বলেছেন।

অতএব, পুনঃপুনঃ মদ পান করতে থাকলে যদি ইবাদতগুলো কবুল না হয় তাহলে আশুরার রোযা কিভাবে কবুল হবে?! আর কিভাবে এক বছরের পাপ মোচন করবে?!

আপনার কর্তব্য হচ্ছে- অবিলম্বে খালেস ও বিশ্বস্ত তওবা করা এবং মদ পানের মত জঘন্য যে কাজ করে আসছেন তা ছেড়ে দেয়া এবং আপনি যে কসুরের মধ্যে আছেন সেটার ঘাটতি পূরণের চেষ্টা করা। বেশি বেশি নেকির কাজ করা। আশা করি আল্লাহ্ আপনার তওবা কবুল করবেন, ইতিপূর্বে আপনি যে কসুর করেছেন ও আল্লাহ্‌র সীমা লঙ্ঘন করেছেন তা এড়িয়ে যাবেন।

তিন:

এতক্ষণ আমরা যা উল্লেখ করেছি এগুলো আরাফার দিন রোযা রাখা, আশুরার দিন রোযা রাখা কিংবা আপনার ইচ্ছানুযায়ী নামায, রোযা, সদকা ও কুরবানি ইত্যাদি অন্য যে কোন নফল আমল করার ক্ষেত্রে কোন বাধা নয়। কারণ মদ পান করা এ সকল ইবাদত পালনে প্রতিবন্ধকতা তৈরী করে না। কবিরা গুনাহ-তে লিপ্ত হওয়ার অর্থ এই নয় যে, আপনি নিজেকে অন্য সকল নেকী ও ভাল কাজ থেকে দূরে রাখবেন; এতে তো অবস্থা আরও খারাপ হতে থাকবে। বরং আপনি অবিলম্বে তওবা করুন, মদ পান ছেড়ে দিন, বেশি বেশি নেকে কাজ করুন; এমনকি কখনও কুপ্রবৃত্তি যদি কোন গুনাহ করার ক্ষেত্রে আপনাকে

পরাভূত করে ফলেে তবুও।

কনেনো আমল সঠকি হওয়া ও কবুল হওয়া এক জনিসি; আর এক বছর বা দুই বছররে গুনাহ মোচনরে বশিষে মর্যাদা লাভ করা অন্য জনিসি।

জাফর বনি ইউনুস বলনে:

একবার তনি শািমরে এক কাফলোর যাত্রী ছলিনে। আরব দস্যুরা কাফলোর উপর হামলা করে কাফলোকে পাকড়াও করল। দস্যুরা কাফলোকে দস্যুনতোর কাছে পশে করল। সে এক থলবিরে করল; এর ভতিরে চনিি ও বাদাম ছলি। দস্যুরা সবাই এগুলো খলে। কন্তিু দস্যুনতো কছিুই খলে না।

আমবিললাম: তুমখিলেে না কনে? সে বলল: আমরিোযোদার!

আমবিললাম: তুমডিাকাতকির, সম্পদ ছনিয়িে নাও, মানুষ হত্যা কর। আবার রোযোও থাক?!

সে বলল: শাইখ, আমসিংশোধনরে জন্য কছিু সুযোগ রাখছ!ি!

একটা সময় পর আমতিাকে ইহরাম অবস্থায় বায়তুল্লাহ্ তাওয়াফ করতে দখেে বললাম: তুমসিইে লোক না?

সে বলল: সইে রোযো আমাকে এই পর্যায়ে নয়িে এসছে!ে![তারখিু দমিাশক্ (৬৬/৫২)]